

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭

বিজ্ঞপ্তি

নং- ৮০.০০.০০০০.১১৩.০১১.০৮.২০১৬ (অংশ-১) ৩২০

তারিখ : ০২.০৬.১৪২৪ বঙ্গাব্দ
১৬.১০.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর 'উপ-সহকারী পরিচালক' পদের প্রিলিমিনারী (MCQ) টেস্ট এর আসন ব্যবস্থা, সময়সূচি ও নির্দেশাবলি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর 'উপ-সহকারী পরিচালক' পদের ১ ঘণ্টা ব্যাপী ১০০ নম্বরের প্রিলিমিনারী (MCQ) টেস্ট পদ্ধতির বাছাই পরীক্ষা আগামী ০৩/১১/২০১৭ খ্রিঃ তারিখ নিম্নে উল্লিখিত পরীক্ষা কেন্দ্রে পাশে বর্ণিত তারিখে ও সময়ে অনুষ্ঠিত হবে :-

১. সময় সূচি এবং জরুরি নির্দেশাবলি :

তারিখ ও দিন	সময় ও পূর্ণ নম্বর	সময়সূচি	প্রার্থীদের করণীয়
০৩/১১/২০১৭ শুক্রবার	বিকাল ৩.০০টা থেকে ৪.০০টা পর্যন্ত পূর্ণ নম্বর ১০০	২:১৫-২.৪০	প্রার্থীগণ নির্ধারিত পরীক্ষা হলে নিজ নিজ পরীক্ষা কক্ষে প্রবেশ করে নির্দিষ্ট আসন গ্রহণ করবেন।
		২.৪৫মিঃ	প্রার্থীদেরকে উত্তরপত্র দেয়া হবে। উত্তরপত্রের ৪টি সেট থাকবে, যেমন সেট-১, সেট-২, সেট-৩ এবং সেট-৪। প্রার্থীগণ উত্তরপত্রে নিজ জেলা ও রেজিস্ট্রেশন নম্বর লিখবেন এবং রেজিস্ট্রেশন নম্বরের সংশ্লিষ্ট বৃত্তগুলো কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে ভরাট করবেন। প্রার্থীরা হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। এ সময় প্রবেশপত্র টেবিলের উপর খুলে রাখতে হবে। প্রবেশপত্রের ছবি এবং স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকায় ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে। গরমিল পাওয়া গেলে বহিষ্কারসহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।
		৩:০০মিঃ	প্রার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রের ৪টি সেট যেমন সেট-১, সেট-২, সেট-৩ এবং সেট-৪ থাকবে। প্রার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে সে সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে প্রার্থী উত্তরদান শুরু করবেন।
		৪.০০মিঃ	পরীক্ষা শেষ হবে। প্রার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুকে নেয়ার পর প্রার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন।

২. পরীক্ষা সংক্রান্ত জরুরি নির্দেশাবলি :

- প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিট সংবলিত। কোনো প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ ডিজিটের কম সংখ্যার হলে বামদিকের ঘর/ঘরগুলো ০(শূন্য) দিয়ে পূরণপূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নিচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।
- প্রতিটি উত্তরপত্রে সেট নম্বরের নির্ধারিত স্থানে সেট নম্বর এবং সেট নম্বরের জন্য নিচের সংশ্লিষ্ট বৃত্তটি মুদ্রিত থাকবে। কাজেই প্রার্থীদের উত্তরপত্রে সেট নম্বর লিখার এবং সেট নম্বরের বৃত্ত ভরাট করার প্রয়োজন হবে না। প্রার্থীকে যে সেট নম্বরের উত্তরপত্র দেয়া হবে তাকে সেই সেট নম্বরের প্রশ্নপত্র সরবরাহ করা হবে। প্রশ্নপত্র প্রাপ্তির পর প্রার্থী তার প্রশ্নপত্রের সেট নম্বর এবং উত্তরপত্রের সেট অভিন্ন কিনা তা চেক করে নিশ্চিত হবেন। প্রশ্নপত্র এবং উত্তরপত্রের সেট নম্বর অভিন্ন না হলে সঙ্গে সঙ্গে পরিদর্শককে অবহিত করতে হবে।
- প্রবেশপত্রের নিচে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং অনুসরণ করতে হবে।
- প্রশ্নপত্র বিতরণের পর কোনো প্রার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না। প্রশ্নপত্র দেয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।
- প্রার্থীগণ পরীক্ষায় হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে। এ বিষয়ে প্রার্থীদের প্রবেশপত্রের ৪নং অনুচ্ছেদের নির্দেশনা প্রতিপালন করার অনুরোধ করা হলো। কাজেই ০৩.১১.২০১৭ তারিখ প্রিলিমিনারি টেস্ট-এর দিন প্রার্থীদের পরীক্ষার হলে হাতঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, ক্যালকুলেটর না আনার জন্য অনুরোধ করা হলো।

